| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

Leave blank

General Certificate of Secondary Education
June 2005

**BENGALI** **3636/LH**
**Listening Test**
**Higher Tier**

H

Wednesday 25 May 2005 1.30 pm to 2.15 pm approximately
(including reading time)

**No additional materials are required.**

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

**Instructions to candidates**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Before the tape is started, you will be allowed **five** minutes during which you may read through the questions. You may make notes in this time.
- **Do not open this book until you are told to do so.**

This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **Bengali.**
- In **Section B** answer the questions in **English.**
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **There must be no questions or interruptions during the test.**

**Information for candidates**
- The maximum mark for this paper is 40.
- Mark allocations are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2 / 3 | | | |
| 4 / 5 | | | |
| 6 / 7 | | | |
| 8 | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

LEAVE MARGIN BLANK

# ক বিভাগ

## প্রশ্নের উত্তর বাংলায় দিতে হবে

**পোষা পশুপাখি**

১. হেলেন একটা কুকুর রাখতে পারে না কেন?

.................................................................................................................................................

*(1 mark)*

**হালিমার পার্টি**

২. হালিমাকে কে কিভাবে সাহায্য করবে? ছবির নিচে ঠিক অক্ষর লেখো।


| | |
|---|---|
| সামিনা | ক |
| নীলিমা | খ |
| সুরমা | গ |
| আবুল | ঘ |



ক উদাহরণ







*(3 marks)*

LEAVE MARGIN BLANK

**কাজ ও পেশা**

৩. এই কাজ করতে হলে কি কি বিষয় (সাবজেক্ট) জানতে হবে? দুটি বিষয়ের নাম লেখো।

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(2 marks)*

**তুমি রেডিও শুনছো।**
**ই-মেইল**

৪. প্রধানমন্ত্রীর সাথে ই-মেইলে যোগাযোগের ব্যবস্থা হওয়ার ফলে কি আশা করা যাচ্ছে?

..........................................................................................................................................

*(1 mark)*

৫. টনি ব্লেয়ারের কাছ থেকে কি আশা করতে পারো না? কেন?

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(2 marks)*

৬. জর্জ বুশের নামে কি মজা করা হয়েছে?

..........................................................................................................................................

*(1 mark)*

**TURN OVER FOR THE NEXT QUESTION**

10

LEAVE MARGIN BLANK

**দোকান**

৭. জিনিসটা সে কেন বদলাতে চায়? দুটি কারণ লেখো।

.............................................................................................................

.............................................................................................................

(2 marks)

**তুমি রেডিও শুনছো।**

৮. স্পেইনের জঙ্গল, পাহাড় আর বড়ো পাথরগুলিকে কিভাবে বর্ণনা করা হয়েছে? শব্দের নিচে ঠিক অক্ষর লেখো।

| | |
|---|---|
| কালো | ক |
| ঘন | খ |
| বন্য | গ |
| শ্যাওলা-ঢাকা | ঘ |
| রহস্যময় | ঙ |
| নীল | চ |

| **ভালুক** | **পাহাড়** | **জঙ্গল** | **পাথর** |
|---|---|---|---|
| ক উদাহরণ | | | |

(3 marks)

LEAVE MARGIN BLANK

## জাতি ও ধর্ম

৯. ব্রিটেনে খ্রীস্টান ধর্মের পর কোন ধর্মের লোকসংখ্যা সবচেয়ে বেশি? বাক্‌সে ঠিক অক্ষর লেখো।

| ক | খ | গ |
|---|---|---|
| হিন্দু | জৈন | ইসলাম |

☐

*(1 mark)*

১০. দেশে শান্তি রাখার জন্যে সব জাতির লোকের কি করা উচিত?

..............................................................................................................................................

*(1 mark)*

## নেশা

১১. যারা নেশা করে তারা লেখাপড়ায় ভালো করতে পারে না কেন?

..............................................................................................................................................

*(1 mark)*

১২. কোন নেশার জিনিস খুব ব্যবহার করা হচ্ছে? একটির নাম লেখো।

..............................................................................................................................................

*(1 mark)*

১৩. নেশা করলে আচরণের কি রকম পরিবর্তন হতে পারে? একটি বিষয় লেখো।

..............................................................................................................................................

*(1 mark)*

10

LEAVE MARGIN BLANK

**বিতর্কের আসর**
**হোমওয়ার্ক**

১৪. ছেলেটি কেন খুশি?

..............................................................................................................................................
*(1 mark)*

১৫. হোমওয়ার্ক থাকলে পিঠে ব্যথা হবে কেন?

..............................................................................................................................................
*(1 mark)*

১৬. ‘হোমওয়ার্ক দেওয়া বন্ধ করা উচিত’ – এই মতের পক্ষে ছেলেটি কি কি কারণ দেখিয়েছে? তিনটি কারণ লেখো।

..............................................................................................................................................

..............................................................................................................................................

..............................................................................................................................................
*(3 marks)*

**তুমি রেডিও শুনছো – বিজ্ঞানের আসর**
**রাতের আকাশ**

১৭. রাতের আকাশটাকে সীমা কিভাবে বর্ণনা করেছে?

..............................................................................................................................................
*(1 mark)*

১৮. সীমা কেন মনে করে যে, অন্য গ্রহে জীবন আছে?

..............................................................................................................................................
*(1 mark)*

LEAVE MARGIN BLANK

## নতুন বিমান

১৯. বিমানটির ওজন এবং পাখার মাপ কতো?

.............................................................................................................................................

.............................................................................................................................................

*(2 marks)*

২০. বিমানটি সম্বন্ধে আরও তিনটি বিষয় লেখো।

.............................................................................................................................................

.............................................................................................................................................

.............................................................................................................................................

*(3 marks)*

**TURN OVER FOR SECTION B**

12

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English.**

You are listening to a radio programme about a film festival.

**21** Why has Anisa come to London?

..........................................................................................................................................

*(1 mark)*

**Questions 22 and 23**

**22** What is unusual about Anisa's breakfast?

..........................................................................................................................................

*(1 mark)*

**23** What is said about her dress code?

..........................................................................................................................................

*(1 mark)*

**Question 24**

**24** Describe her lifestyle at home. Give **two** details.

1 ......................................................................................................................................

2 ......................................................................................................................................

*(2 marks)*

**Questions 25 and 26**

**25** Mention **one** thing that she depicts in her poems.

..........................................................................................................................................

*(1 mark)*

**26** What comments does she make on her education?

..........................................................................................................................................

..........................................................................................................................................

*(2 marks)*

**END OF TEST**

*8*

Copyright © 2005 AQA and its licensors. All rights reserved.

General Certificate of Secondary Education
June 2005

**BENGALI** **3636/LH/T**
**Listening Test Transcript**
**Higher Tier**

ASSESSMENT and QUALIFICATIONS ALLIANCE

## FOR INVIGILATOR'S USE ONLY

Wednesday 25 May 2005 1.30 pm to 2.15 pm approximately (including reading time)

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **Bengali.**
- In **Section B** answer the questions in **English.**
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **There must be no questions or interruptions during the test.**
- **The test starts now.**

# ক বিভাগ

## প্রশ্ন ও উত্তর বাংলায়

**প্রশ্ন ১**

রহিম একটা খরগোস পোষে। খরগোসটা বাগানে থাকে।

হেলেন একটা কুকুর পুষতে চায়। কিন্তু তার মা-বাবা কুকুর কিনতে চায় না, কারণ তারা একটা ছোটো ফ্ল্যাটে থাকে।

**প্রশ্ন ২**

– হ্যালো, আমার নাম হালিমা। আমি একটা পার্টির ব্যবস্থা করছি। আমার পার্টিটা হবে আগামী শনিবার। ২২ জন বন্ধু-বান্ধবী আসবে পার্টিতে। আমি একা সব কাজ করতে পারবো না। আমার বন্ধুরা আমাকে সাহায্য করবে। সামিনা বলেছে যে, সে বাজার করে দেবে। সুরমা ঘর সাজাবে, নীলিমা গান বাজাবে আর আবুল রান্না করবে।

**প্রশ্ন ৩**

– সুজিত, তুমি তো বিমানচালক হতে চাও!

– হ্যাঁ স্যার।

– জানো, এ কাজের ট্রেইনিং পেতে হলে কি কি থাকতে হবে?

– জানি! অঙ্ক, ইংরেজি আর বিজ্ঞান জানতে হবে। আর স্বাস্থ্য ভালো থাকতে হবে।

– তুমি কোনো বিমানচালককে দেখেছো?

– হ্যাঁ, দেখেছি। আমার এক মামাতো বোন বিমানচালক। নাম লিসা।

– সে দেখতে কেমন?

– বেশ লম্বা, রোগা, ছোটো কালো চুল। যখন কাজে যায় তখন স্যুট পরে। খুব স্মার্ট দেখায়।

**প্রশ্ন ৪ থেকে ৬**

এখন থেকে টনি ব্লেয়ারের সাথে তোমরা সোজাসুজি ই-মেইলে যোগাযোগ করতে পারবে। নাম্বার টেনের ওয়েব সাইটে ই-মেইল পাঠাবে। ঠিকানাটা হলো: www.number-10.gov.uk. প্রধানমন্ত্রী ব্লেয়ার বছরে হাজার হাজার চিঠি পান। এখন ই-মেইলের ব্যবস্থা হওয়ার ফলে আশা করা যাচ্ছে যে, তিনি আরও অনেক বেশি চিঠিপত্র পাবেন। ডাউনিং স্ট্রীট থেকে বলা হয়েছে যে, তোমাদের সব চিঠি পড়া হবে, কিন্তু টনি ব্লেয়ারের কাছ থেকে ব্যক্তিগতভাবে কোনো উত্তরের আশা কোরো না; কারণ তাঁর চিঠি লেখার সময় নেই।

তোমরা জানো যে, জর্জ বুশ টনি ব্লেয়ারকে অনেক ই-মেইল পাঠান। একবার নাকি জর্জ বুশ টনি ব্লেয়ারকে একটা ই-মেইল লিখে তাঁর সেক্রেটারিকে জিজ্ঞেস করেছিলেন, 'হাই, আইরিন, বলোতো ই-মেইলের কোন জায়গায় স্ট্যাম্প লাগাতে হবে?' আইরিন কিছু বলেনি, উত্তরে শুধু একটু মুচকি হেসেছিলো।

**প্রশ্ন ৭**

– আমাকে মনে আছে? – আমার নাম ফরহাদ মিঞা।

– হ্যাঁ, মনে আছে। আপনিইতো আপনার ভাইয়ের জন্যে এক জোড়া দৌড়াবার জুতা কিনেছিলেন।

– হ্যাঁ, সেই জুতা বদলে দিতে হবে।

– কেন?

– আমার ভাইয়ের এই জুতা পছন্দ হয়নি। সে 'নাইকি' ব্র্যান্ডের জুতা চায়।

– ঠিক আছে, কোনো সমস্যা নেই। বদলে দেবো।

**প্রশ্ন ৮**

স্পেইনে আসুন এবারের ছুটিতে। এখানে এলে দেখতে পাবেন চারদিকে সবুজের মেলা – পাহাড় আর গাছপালা। রহস্যময় জঙ্গলে ঢাকা এক দেশ। সবুজ গাছগাছালির ভিতর মাঝেমাঝে কালো ভালুক, বন্য পাহাড় আর শেওলায় ঢাকা বিশাল বিশাল পাথর দেখলে মনে হবে আপনি কোনো অভিযানে এসেছেন। আসুন স্পেইনে, নিজের চোখে সবকিছু দেখুন।

**প্রশ্ন ৯ এবং ১০**

ব্রিটেনে সারা পৃথিবীর অনেক মানুষ বসবাস করে। এই দেশের সমাজ-ব্যবস্থা এমন যে, এখানে সব জাতি তাদের ধর্ম ও ভাষা বজায় রেখে জীবন যাপন করতে পারে। ইংরেজিতে যাকে বলে মাল্টি-কালচারাল সোসায়েটি। এ দেশে খৃস্টান ধর্মের লোক সবচেয়ে বেশি। তারপরই হলো মুসলমানের সংখ্যা। এ ছাড়া, হিন্দু, ইহুদী, জৈন এবং বৌদ্ধ ধর্মের লোকও অনেক আছে। দেশে শান্তি রাখার জন্যে সব জাতি ও ধর্মের লোকদের মিলে-মিশে থাকা উচিত।

**প্রশ্ন ১১**

একটি সার্ভেতে দেখা গেছে যে, ব্রিটেনে কমবয়সী ছেলেমেয়েদের মধ্যে নেশা করার প্রচলন অনেক বেড়ে গেছে। নেশা করার ফল কোনো দিক দিয়েই ভালো হতে পারে না। নেশা করলে লেখাপড়ায় মন বসে না। সে জন্যে তারা লেখাপড়ায় ভালো করতে পারে না। এরা অনেকেই পার্টটাইম কাজ করে নেশার খরচ চালায়। অনেক টাকা নষ্ট করে।

**প্রশ্ন ১২ থেকে ১৩**

এক্সট্যাসি আর গাঁজা – এই দুটি নেশার জিনিসই প্রচুর পরিমাণে ব্যবহার হচ্ছে। সে জন্যে অনেক ছেলেমেয়ে বুদ্ধি থাকলেও লেখাপড়ায় খারাপ করে এবং পরীক্ষায় ফেল করে। নেশা করলে বেশি ঘুমাতে ইচ্ছা করবে অথবা বিনা কারণে রেগে গিয়ে নানা রকম খারাপ কাজ করার সম্ভাবনা আছে। সুতরাং কোনো রকম নেশা না-করাই উচিত।

**প্রশ্ন ১৪ থেকে ১৬**

টিচার – কি খবর বারিক, নীলিমা? গরমের ছুটির পর স্কুলে ফিরে কেমন লাগছে?

বারিক – খুব ভালো মিস। আমি খুব খুশি, সব বন্ধুদের সাথে অনেক দিন পরে দেখা হলো।

টিচার – শুনে সুখী হলাম, তোমাদের সবার স্কুল ভালো লাগছে।

বারিক – মিস, স্কুল হোমওয়ার্ক দেওয়া বন্ধ করছে না কেন?

**Turn over ▶**

টিচার – হোমওয়ার্ক দেওয়া ভালো। বাড়িতে হোমওয়ার্ক করলে তোমরা সবকিছু আরও ভালো শিখতে পারবে।

বারিক – কিন্তু আমরা স্কুলেইতো অনেক কাজ করি। আবার হোমওয়ার্ক করতে হবে কেন? তুমি কি বলো, নীলিমা?

নীলিমা – তুমি ঠিকই বলেছো বারিক। হোমওয়ার্ক না-থাকলে আমাদের মেজাজ অনেক ভালো থাকতো আর সন্ধ্যে হলেই বাবাদের বলতে হতো না "হোমওয়ার্ক করো, হোমওয়ার্ক করো।"

বারিক – আর আমাদের পিঠেও ব্যথা হতো না। এই বইয়ের বোঝা বাড়িতে নিয়ে যাওয়া কি কম কথা? হোমওয়ার্ক করে করে আমাদের স্বাস্থ্য খারাপ হয়ে যাচ্ছে। খেলাধুলা করা অথবা ব্যায়াম করার সময় পাই না।

নীলিমা – জীবনটা উপভোগ করার সুযোগ পাই না। আনন্দ করার সময় পাই না। বয়স বেড়ে যাচ্ছে দিনে দিনে। আর স্কুলেই বা দিনে এতো সময় থাকতে হবে কেন? স্কুল বেলা দুটার সময় ছুটি হওয়া উচিত।

বারিক – ঠিক বলেছো, নীলিমা। স্কুল তাড়াতাড়ি ছুটি হলে আমরা আমাদের পরিবার ও বন্ধুদের সাথে আরও অনেক সময় কাটাতে পারবো। হোমওয়ার্ক দেওয়া বন্ধ করতে হবে।

টিচার – ঠিক আছে, আমরা হোমওয়ার্ক নিয়ে একটা ডিবেইটের ব্যবস্থা করবো।

**প্রশ্ন ১৭ এবং ১৮**

আমার নাম সীমা। আমি জানতে চাই অন্য কোনো গ্রহে জীব আছে কিনা। আমি জানি নিশ্চয় আছে। আমাদের সূর্য হলো একটা তারা, ভালো বাংলায় যাকে বলে নক্ষত্র। আর তুমি যদি রাতের আকাশের দিকে তাকাও তা হলে দেখবে আকাশটা হাজার হাজার তারায় ভরা। এই অসংখ্য তারার কোনো না কোনো গ্রহ আছে, যেখানে জীবন থাকবেই। এটা তো প্রব্যালিটির হিসাব করলেই বোঝা যায়!

**প্রশ্ন ১৯ এবং ২০**

নাসা এমন একটা বিমান বানিয়েছে যেটা লেসারের সাহায্যে আকাশে উড়বে। কিছু দিন আগে অ্যামেরিকার অ্যালাবামাতে পরীক্ষামূলকভাবে এ রকমের একটা বিমান ওড়ানো হয়েছিলো। এ রকম বিমানে কোনো পেট্রোল ব্যবহার করতে হবে না। এই বিমানটির ওজন মাত্র তিন শো গ্র্যাম আর পাখার মাপ হলো দেড় মিটার। কন্ট্রোল স্টেশন থেকে বিমানের ভেতরে লেসার ফেলে বিদ্যুৎ তৈরি করা হয়। এই বিদ্যুতের সাহায্যে বিমানের প্রোপেলার ঘোরে এবং বিমান উড়তে পারে।

## SECTION B

**Questions and answers in English**

**প্রশ্ন ২১**

আমার নাম সবুজ, লন্ডন থেকে বলছি। আজকের আসরে তোমাদের সাথে আনিসার পরিচয় করিয়ে দিচ্ছি। আনিসা হলো সবচেয়ে কম বয়সের এক চিত্র পরিচালিকা। তার বয়স মাত্র পনেরো। সে ইরানের মেয়ে। তার পরিচালনায় একটা ডকুমেন্টারি তৈরি হয়েছে। ডকুমেন্টারিটার নাম হলো 'পাগলামির আনন্দ'। লন্ডনের ফিল্ম-উৎসবে এই ডকুমেন্টারিটা এখন দেখানো হচ্ছে। আনিসা এই উৎসবে যোগ দেবে।

**প্রশ্ন ২২ এবং ২৩**

সবুজ – তোমার বিষয়ে একটু বলো।

আনিসা – আমি সকাল আটটায় ঘুম থেকে উঠি। সকালে আমার কিছু খেতে ভালো লাগে না। আমি কেবল এক গ্লাস জল খাই। আমি সব সময় জামা-কাপড়ের উপরে ঘোমটা দেওয়া একটা কালো কাপড় জড়িয়ে রাখি। যাই হোক, আমার অনেক জরুরী বিষয় নিয়ে কথা বলার আছে।

**প্রশ্ন ২৪**

আনিসা – আমার মা বলেন, তুমি যদি ইরানের কোনো বাড়ির ভেতরে ঢোকো, তা হলে মনে হবে লস্ অ্যাঞ্জেলেসের কোনো বাড়িতে এসেছো। বাড়ির ভেতরে ইরানের সব মেয়েরা ঘোমটা খুলে ফেলে। আমরা চুল খুলে রাখি – খুব আরাম লাগে। আমরা নখে রঙ মাখি। কেউ কিছু বলে না। তবে আমরা সবার সামনে সুইমিং পুলে সাঁতার কাটতে পারি না। আমি কোনো গয়না পরি না।

**প্রশ্ন ২৫ এবং ২৬**

সবুজ – আনিসা, তোমার লেখাপড়ার কথা বলো একটু।

আনিসা – আমার যখন আট বছর বয়স তখন থেকেই সাধারণ স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছি। এই স্কুলে আমি কখনো ঘোমটা খুলতে পারতাম না। টিচার বলতো, এই ঘোমটা তোমাদের সব সময়ে পরে থাকা উচিত। এখন বাবা আমাকে আর আমার বোন সামিরাকে লেখাপড়া শেখান – আমাদের নিজেদের স্কুলে।

সবুজ – তোমার কি পড়তে সবচেয়ে ভালো লাগে?

আনিসা – আনিসা, আমার সবচেয়ে ভালো লাগে কবিতা পড়তে আর লিখতে। আমার কবিতায় আছে দুঃখ, বেদনা এবং আমি যে একা – এসব কথা। আমার মনে হয় এই পৃথিবীতে আমি একা ঘুরে বেড়াচ্ছি, কেউ নেই আমার সাথে। কিন্তু আমার বাবার স্কুলে আমি এই শিক্ষাই পেয়েছি – আমাকে আত্মবিশ্বাসী করেছে এবং সব মানুষকে বুঝতে সাহায্য করেছে এই শিক্ষা।

আমি যদি সাধারণ স্কুলে যেতাম, তা হলে হয়তো একটা ডিগ্রি পেতাম। কিন্তু কোনো চাকরি না-পেয়ে হয়তো হতাশায় দিন কাটাতাম।

**END OF TEST**

**BLANK PAGE**

**BLANK PAGE**

**BLANK PAGE**

Copyright © 2005 AQA and its licensors. All rights reserved.